গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ-১ অধিশাখা
www.mofl.gov.bd

নং ৩৩.০০.০০০০.১১৭.১১.০০৩.২৪-৩১৬

তারিখ: ১০ ভাদ্র ১৪৩১ ব. / ২৫ আগস্ট ২০২৪ খ্রি.

**প্রজ্ঞাপন**

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৪/০৮/২০২৪ তারিখের ২৮৬ সংখ্যক প্রজ্ঞাপনে ২৮তম হতে ৪২তম বিসিএস পর্যন্ত বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সুপারিশক্রমে বিসিএস (পশুসম্পদ) ক্যাডারের ৩৪তম ব্যাচের ০১ (এক) জন, ৩৬তম ব্যাচের ০২ (দুই) জন এবং ৩৭তম ব্যাচের ০১ (এক) জন সর্বমোট (০১+০২+০১)= ০৪ (চার) জন কর্মকর্তাকে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে টাকা ২২,০০০-৫৩,০৬০/- বেতনক্রমে নিম্নলিখিত শর্তে নিয়োগ/পদায়ন করা হলো:

(ক) তাঁকে লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে অথবা সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(খ) উক্ত বুনিয়াদি প্রশিক্ষণ সমাপনান্তে তাঁকে তাঁর চাকরি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সরকার যেরূপ স্থির করবে সেরূপ পেশাগত ও বিশেষ ধরণের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(গ) তাঁকে ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। প্রয়োজনে সরকার এ শিক্ষানবিসকাল অনুর্ধ্ব ০২ (দুই) বছর বর্ধিত করতে পারবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোনো কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে;

(ঘ) উপানুচ্ছেদ (ক) ও (খ) এ উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন, বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ এবং শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাঁকে চাকরিতে স্থায়ী করা হবে;

(ঙ) উপানুচ্ছেদ (ক)-এ উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বন্ড দাখিল করে তাঁকে প্রশিক্ষণে যেতে হবে;

(চ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঙ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ছ) সরকারী কর্ম কমিশন এর মেধাক্রম অনুযায়ী জ্যেষ্ঠতা নির্ধারিত হয় বিধায় এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণের জ্যেষ্ঠতা অক্ষুণ্ন রাখার স্বার্থে তাদের ব্যাচের নিয়োগপ্রাপ্তদের প্রথম যে তারিখে নিয়োগ প্রজ্ঞাপন জারি করা হয়েছিল সেই তারিখ হতে ভূতাপেক্ষিকভাবে নিয়োগ আদেশ কার্যকর হবে। তাদের মূল ব্যাচের যোগদানের তারিখ থেকে তাঁদের ধারণাগত জ্যেষ্ঠতা বজায় থাকবে। তবে তার ফলে তারা কোনো বকেয়া আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন না।

(জ) পরবর্তীতে নিয়োগপ্রাপ্ত কোন কর্মকর্তার বিরুদ্ধে কোন রকম বিরূপ/ভিন্নরূপ তথ্য পাওয়া গেলে তার ক্ষেত্রে এ আদেশের প্রয়োজনীয় সংশোধন/বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(ঝ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঞ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে

একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ট) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরির বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

(ঠ) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপবিধি অনুযায়ী তাঁর ও তাঁর পরিবারের সদস্যদের মালিকানাধীন/দখলে থাকা সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র তাঁকে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে জমা দিতে হবে। এছাড়া ১৩(২) উপবিধি অনুযায়ী প্রতি পাঁচ বছর পর পর ডিসেম্বর মাসে প্রদর্শিত সম্পত্তির হ্রাস/বৃদ্ধির হিসাব বিবরণী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে জমা দিতে হবে;

(ড) চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

০২। অনুচ্ছেদ-১- এ উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ১৭ ভাদ্র ১৪৩১/ ০১ সেপ্টেম্বর ২০২৪ পূর্বাহ্নে আবশ্যিকভাবে মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা বরাবর যোগদান করবেন। প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক আয়োজিত অবহিতকরণ কোর্স সমাপনান্তে প্রাণিসম্পদ অধিদপ্তর হতে অবমুক্তির সনদসহ নিম্নবর্ণিত ছকে তাঁর নামের পার্শ্বে বর্ণিত পদ ও কর্মস্থলে যোগদান করবেন। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন মর্মে ধরে নেওয়া হবে এবং নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

**(ক) বিসিএস (পশুসম্পদ) ক্যাডারের ভেটেরিনারি সার্জন/বৈজ্ঞানিক কর্মকর্তা/প্রভাষক ও সমমান পদ:**

| ক্রমিক নং | রেজিস্ট্রেশন নং | বিসিএস ব্যাচ | কর্মকর্তার নাম | নিজ জেলা | পদায়নকৃত পদ ও কর্মস্থল |
|---|---|---|---|---|---|
| ০১ | ২১০৩২৯ | ৩৪তম ব্যাচ | মোঃ লুৎফর রহমান | পাবনা | ভেটেরিনারি সার্জন<br>উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, বগুড়া সদর, বগুড়া |
| ০২ | ০৪৫৮৬৬ | ৩৬তম ব্যাচ | মোঃ শাহরিয়ার কামাল | চাঁপাইনবাবগঞ্জ | ভেটেরিনারি সার্জন<br>উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, মোহনপুর, রাজশাহী |
| ০৩ | ৬০১৭৪৬ | ৩৭তম ব্যাচ | সাহাব উদ্দিন মুন্না | সুনামগঞ্জ | ভেটেরিনারি সার্জন<br>উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, দক্ষিণ সুরমা, সিলেট |

**(খ) বিসিএস (পশুসম্পদ) ক্যাডারের হাঁস-মুরগী উন্নয়ন কর্মকর্তা ও সমমান পদ:**

| ক্রমিক নং | রেজিস্ট্রেশন নং | বিসিএস ব্যাচ | কর্মকর্তার নাম | নিজ জেলা | পদায়নকৃত পদ ও কর্মস্থল |
|---|---|---|---|---|---|
| ০১ | ০১০৭৪২০ | ৩৬তম ব্যাচ | মোঃ আল-আমিন | বগুড়া | সায়েন্টিফিক অফিসার<br>বুল-কাফ রেয়ারিং ইউনিট কাম মিনি ল্যাব, বগুড়া |

০২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৫.০৮.২০২৪

(মোঃ আরমান হায়দার)
উপসচিব
টেলিফোন: ৫৫১০০৮১৮
e-mail: livestock-1@mofl.gov.bd

নং ৩৩.০০.০০০০.১১৭.১১.০০৩.২৪-৩১৬

তারিখ: ১০ ভাদ্র ১৪৩১ ব.
২৫ আগস্ট ২০২৪ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, বাংলাদেশ।
০৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়/সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়/সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা/রেক্টর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা।
০৫। মহাপরিচালক (চলতি দায়িত্ব), প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
০৬। চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড (সকল)।
০৭। অতিরিক্ত সচিব (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। উপদেষ্টার একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৯। পরিচালক,.......................................................................................................................।
১০। উপপরিচালক,...................................................................................................................।
১১। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১২। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক,.....................................................................................।
১৬। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,....................................................................................।
১৭। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,...................................................................................।
১৮। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,................................................................................।
১৯। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,...............................................................................।
২০। জনাব ............................................................................................................।

২৫.০৮.২০২৪
(মোঃ আরমান হায়দার)
উপসচিব